

৩৭

হোস্টেল ত্যাগের নির্দেশ

নার্সিং ট্রেনিং সেন্টারের ক্লাশ

অনির্দিষ্টকালের জন্য স্থগিত

কাগজ প্রতিবেদক : গতকাল থেকে ঢাকা মেডিকেল কলেজ নার্সিং ট্রেনিং সেন্টারের সকল ক্লাশ অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে। হকারি স্টুডেন্ট নার্স ও ডিপ্লোমা স্টুডেন্ট নার্সদের মধ্যে ক্রমবর্ধমান উত্তেজনার প্রেক্ষিতে একাডেমিক কাউন্সিল এই সিদ্ধান্ত নেয়। একই সঙ্গে গতকাল বিকেল ৫ টার মধ্যে সকল নার্সদের হোস্টেল ত্যাগের নির্দেশ দেয়া হয়। এই সিদ্ধান্তের ফলে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নার্স সংকট দেখা দিয়েছে এবং রোগীদের চিকিৎসা ব্যাহত হচ্ছে। সকাল ১০টায় ঢাকা মেডিকেল নার্সিং ট্রেনিং ইনস্টিটিউটে স্টুডেন্ট ও ডিপ্লোমা নার্সদের একত্রে ক্লাস নির্ধারিত ছিলো। কিন্তু ডিপ্লোমা স্টুডেন্ট নার্সরা সহকারী স্টুডেন্ট নার্সদের সঙ্গে একত্রে ক্লাস করতে অস্বীকৃতি জানায়। পরে নার্সিং ইনস্টিটিউট একাডেমিক কাউন্সিল সকল ক্লাস অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করে দেয়।